



Department of
Education

Chancellor Richard A. Carranza

Office of the Chancellor 52
Chambers Street | New York, NY 10007 212 374
0200 tel | 212 374 5588 fax
nycchancellor@schools.nyc.gov email

প্রিয় পিতামাতা অথবা
অভিভাবক:

আপনার সন্তানের স্বাস্থ্য আমাদের কাছে গুরুত্বপূর্ণ বিষয়। নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলসমূহে, স্বাস্থ্য শিক্ষার ক্লাসগুলো সহিংসতা এবং আঘাত-প্রাপ্তি বিষয়ে সুরক্ষার জন্য দক্ষতা অর্জন এবং বিভিন্ন পাঠ; ভাবাবেগ এবং মানসিক স্বাস্থ্য; পুষ্টি এবং শারীরিক কর্মকাণ্ড; তামাক, অ্যালকহল এবং অন্যান্য মাদকদ্রব্যের ব্যবহার; পারিবারিক স্বাস্থ্য এবং যৌনতা; HIV/AIDS; এবং ব্যক্তিগত ও ভোক্তা স্বাস্থ্য অন্তর্ভুক্ত আছে। নতুন 'হেলথ এড ওয়ার্কস্ ইনিশিয়েটিভ' (স্বাস্থ্য শিক্ষা উদ্যোগ)-এ মেয়র ডি ব্লাজিও'র বহুবার্ষিক বিনিয়োগ আমাদের সকল স্কুলে স্বাস্থ্য সম্পর্কিত শিক্ষায় সহায়তা প্রদানের মাধ্যমে শিক্ষার্থীদের সুস্থতার প্রতি DOE-এর প্রতিশ্রুতিকে জোরদার করবে।

নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব এডুকেশন (NYSED), মিডল্ এবং হাই – উভয় স্কুলে এক-সেমিস্টার হেলথ এডুকেশন (স্বাস্থ্য শিক্ষা) কোর্স বাধ্যতামূলক করেছে। এই ক্লাসে শিক্ষার্থীরা কীভাবে সুস্থ-সবল জীবনযাপন করতে পারে এবং ঝুঁকিপূর্ণ আচরণ এড়াতে পারে, তা শেখে। মিডল্ এবং হাই স্কুল স্বাস্থ্য শিক্ষার ক্লাসের পাঠের মধ্যে আছে যৌন স্বাস্থ্য বিষয়ে বিভিন্ন শিক্ষা যা আপনার সন্তানের বয়স উপযোগী। এটি K-12 গ্রেডে স্টেট কর্তৃক বাধ্যতামূলক করা বার্ষিক HIV/AIDS বিষয়ে পাঠের পর, বাড়তি পাঠ্য।

যৌন স্বাস্থ্য বিষয়ের পাঠ উঠতি বয়সের শিক্ষার্থীদেরকে স্বাস্থ্য সচেতনতার সঠিক তথ্য প্রদান এবং এসব নিয়ে আলোচনার দক্ষতা প্রদান করে যা তাদের জন্য সুস্থ এবং সুরক্ষিত থাকার সিদ্ধান্ত গ্রহণে সহায়ক হয়। আমাদের সম্মিলিত লক্ষ্য হচ্ছে স্কুল-বয়সী কিশোর-কিশোরীদের যৌন কর্মকাণ্ড বিলম্বিত করা।

আমরা জানি যে আমাদের শিক্ষার্থী ও তাদের পরিবারবর্গের বিভিন্ন ধরনের বিশ্বাস, সংস্কৃতি ও আচার-আচরণ রয়েছে। সেসব মূল্যবোধ আপনার সন্তানের জীবনের মৌলিক, আবশ্যিক দিকনির্দেশনা। একজন পিতামাতা/অভিভাবক হিসেবে, জন্ম নিয়ন্ত্রণ এবং HIV/যৌনবাহিত রোগ সংক্রমণ (STI) প্রতিরোধের মত কিছু পাঠে আপনার সন্তানকে অংশগ্রহণ করতে না দেয়ার অধিকার আপনার রয়েছে। আপনি তাকে পরিহার (অ্যাবস্টিনেন্স) অথবা অন্যান্য যৌন স্বাস্থ্য বিষয়ক শিক্ষার পাঠ থেকে অপসারণ করতে পারেন না। আপনার সন্তানকে কোন্ পাঠগুলোতে অংশগ্রহণ করতে না দিতে চাইছেন - সেবিষয়ে কোনও প্রশ্ন থাকলে, অনুগ্রহ করে আপনার সন্তানের স্কুলের প্রিন্সিপ্যাল, প্যারেন্ট কোঅর্ডিনেটর, অথবা হেলথ এডুকেশন (স্বাস্থ্য শিক্ষার) শিক্ষকের সাথে কথা বলুন।

আপনি যদি আপনার সন্তানকে জন্ম নিয়ন্ত্রণ এবং HIV/STI-র ক্লাসে অংশগ্রহণ করতে দিতে না চান, আপনার সন্তানের প্রিন্সিপ্যালের কাছে চিঠি দিয়ে তা জানিয়ে দিন। এই চিঠিতে উল্লিখিত থাকতে হবে যে:

- জন্ম নিয়ন্ত্রণ এবং HIV/STI প্রতিরোধ পদ্ধতির ক্লাস চলাকালে আপনার সন্তান ক্লাসক্রমে উপস্থিত থাকবে না; এবং
- বাড়িতে আপনি আপনার সন্তানের সাথে এইসব প্রতিরোধ বিষয়ে আলোচনা করবেন।

অন্য সকল বিষয়ের মতই, পিতামাতা এবং অভিভাবকগণই সন্তানের প্রথম এবং সবচেয়ে প্রভাবশালী শিক্ষক। পিতামাতা, অভিভাবক এবং স্কুল – সবার লক্ষ্য এক: আমরা শিক্ষার্থীদের সব বয়সে এবং জীবনের প্রতিটি স্তরে সুস্থ-সবল দেখতে চাই। আপনার সন্তানকে শুধু যৌন স্বাস্থ্য সম্পর্কিত বিষয়ে নয়, হেলথ এডুকেশন (স্বাস্থ্য শিক্ষার) ক্লাসের সকল পাঠে সে কী শিখছে তা জিজ্ঞেস করুন। আপনি যদি আপনার সন্তানের হেলথ এডুকেশন (স্বাস্থ্য শিক্ষার) ক্লাস সম্পর্কে আরও জানতে আগ্রহী হন, তার প্রিন্সিপ্যাল এবং শিক্ষকদের সাথে কথা বলুন। এছাড়া, সুস্থ-সবল জীবনযাপনের শ্রেষ্ঠ উপায় হিসেবে আপনি যেটি বিশ্বাস করেন, সেটি আপনার সন্তান জানে কিনা তা নিশ্চিত করুন।

বিনীত,

রিচার্ড এ. কারানজা (Richard A. Carranza)